দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...11 OCT 2016......
পৃষ্ঠা ...৩... কলাম ...৫......

# প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা ২৯ অক্টোবর

স্টাফ রিপোর্টার ॥ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য (মুক্তিযোদ্ধা কোটায়) সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা আগামী ২৯ অক্টোবর অনুষ্ঠিত হবে। বেলা ৩টা থেকে ৪টা ২০ পর্যন্ত ৬১ জেলায় (তিন পার্বত্য জেলা ব্যতীত) একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, আগামী ২১ অক্টোবর থেকে প্রার্থীদের মোবাইলে এসএমএস পাঠানো হবে এবং আগামী ২২ অক্টোবর থেকে প্রার্থীরা স্ব-স্ব প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে পারবেন। পরীক্ষার্থীরা প্রবেশপত্র ছাড়া পরীক্ষা কেন্দ্রে কোন ধরনের বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন ও ভ্যানিটি ব্যাগ, পার্স, ইলেক্ট্রনিক্স ঘড়ি বা যে কোন ইলেক্ট্রনিক্স ডিভাইস সঙ্গে রাখতে পারবেন না।

যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তাকে তাৎক্ষণিক বহিষ্কার করা হবে। প্রার্থীরা ওয়েবসাইট http://dpe.teletalk.com.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। ওএমআর শীট পূরণের নির্দেশাবলী এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য ওয়েবসাইটে (www.dpe.gov.bd) পাওয়া যাবে।